

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮.২১২৯

তারিখঃ ২৯/১১/২০১৮ খ্রি:।

বিষয়ঃ আমন সংগ্রহ ২০১৮-২০১৯ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ চালের বিভাগ, জেলা ও উপজেলা-ওয়ারী লক্ষ্যমাত্রা বিভাজন।

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-৪৬, তারিখঃ ২৯/১১/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৮-২০১৯ এর আওতায় সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

- (ক) ২০১৮-২০১৯ সালের আমন মৌসুমে ৬,০০,০০০০ (ছয় লাখ) মেট্রিক টন সিদ্ধ চাল নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে;
- (খ) আমন সিদ্ধ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৩৬.০০ (ছত্রিশ) টাকা;
- (গ) চাল সংগ্রহের সময়সীমা ০১ ডিসেম্বর, ২০১৮ খ্রি: তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি: পর্যন্ত;
- (ঘ) আমন সংগ্রহ ২০১৮-২০১৯ এর আওতায় সিদ্ধ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ১৩.১২.২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত ;
- (ঙ) চুক্তিকৃত চালকলের ঝাঁটাই ক্ষমতা এবং উৎপাদনের তথ্য সঠিকভাবে উপস্থাপন করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবে;
- (চ) ০১ (এক)টি আদেশের মাধ্যমে সমুদয় বিভাজনকৃত চাল চুক্তিকৃত মিলারদের মধ্যে বরাদ্দ প্রদান করতে হবে;
- (ছ) আমন সিদ্ধ চাল ৩০ কেজি ধারণক্ষম বস্তায় সংগ্রহ করতে হবে এবং প্রতিটি বস্তার জামানত মূল্য ৬০.০০ টাকা নির্ধারণ করতে হবে। তবে প্রয়োজনে খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদনক্রমে ৫০ কেজি ধারণক্ষম বস্তায় চাল সংগ্রহের লক্ষ্যে এর জামানত মূল্য ৮০.০০ টাকা নির্ধারণ করতে হবে;
- (জ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;
- (ঝ) সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুচ্ছেদ ২০(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে এবং এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কমিটি এর জন্য দায়ী থাকবে।

এক্ষণে উপরোক্ত সিদ্ধান্তের আলোকে ৬.০০ (ছয়) লাখ মে:টন সিদ্ধ চালের উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তার অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলাসমূহে জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ চাল সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


সংযুক্ত: বর্ণনামতে ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল

স্বাঃ
(জুলফিকার রহমান)
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা সদয় অবগতির জন্য।
- ৫। সকল পরিচালক.....খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপর্যুক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


২৯/১১/১৮
পরিচালক,
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।


২৯/১১/১৮